

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৫৮.০০.০০০০.০৬১.০২.০০৪.১৮ : ১৩

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন


মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবমতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৬৮(৩) ধারা মোতাবেক লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত হারে ও শর্তে মিথাইল অ্যালকোহল (মিথানল) এর লাইসেন্স ফিস নির্ধারণ করা হইলঃ

ক্র.নং	লাইসেন্সের বিবরণ	ফিসের হার (টাকায়)
১	২	৩
০১.	মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ ও পাইকারী বিক্রয়	২০,০০০/- (বিশ হাজার টাকা)
০২	মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ ও খুচরা বিক্রয়	১২,০০০/- (বারো হাজার টাকা)
০৩	মিথাইল অ্যালকোহল (মিথানল) ব্যবহার পারমিট	২,০০০/- (দুই হাজার টাকা)

শর্তাবলীঃ

- ০১। লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা কার্যকর বা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইবার পর মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী, খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের ফিসের হার কম বা বেশী হইলে ভূতাপেক্ষভাবে তা সমন্বয় করা হইবে এবং এই বিষয়ে আমদানি, মজুদ, পাইকারী, খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না;
- ০২। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী, খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য যথারীতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে;
- ০৩। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী, খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং চাহিবামাত্র সরকারের নিকট উপস্থাপন করিতে হইবে;
- ০৪। মিথাইল অ্যালকোহল (মিথানল) আমদানি, মজুদ, পাইকারী, খুচরা বিক্রয় এবং ব্যবহার পারমিটের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালা এবং লাইসেন্সে উল্লিখিত শর্ত যথাযথভাবে অনুসরণ করিতে হইবে;
- ০৫। লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা কার্যকর বা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হওয়ার পর এই প্রজ্ঞাপনের কার্যকারিতা স্থগিত হইবে;
- ০৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩২২৯

নং-৫৮.০০.০০০০.০৬১.০২.০০৪.১৮ - ১৩/১ (৫)

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।

৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা।

৪। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করে

৫০(পঞ্চাশ) কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ]

প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৪। অফিস কপি/মাস্টার কপি।


২৫/১/২০২০

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব